

তারিখ 14 NOV 2016  
পৃষ্ঠা নং ৩... কলাম...১.....

# দৈনিক ইত্তেফাক

## মুরাদনগরে শিক্ষকদের বিরুদ্ধে নকলে সহযোগিতার অভিযোগ

### ■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদপত্র

উপজেলার চলমান জেএসসি ও ডেডিসি পরীক্ষায় নকলের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। বিদ্যালয়ের পাসের হার বাড়তে কোমলমতি শিক্ষার্থীদের হাতে নকল তুলে দেওয়ার অভিযোগ উঠেছে কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত কিছু শিক্ষকদের বিরুদ্ধে। আর একারণেই পরীক্ষায় নকলের প্রবণতা রোধ করা যাচ্ছে না।

জানা যায়, মুরাদনগর উপজেলায় ১৭টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ১২টি, ডেডিসি ৪টি ও ডোকেশনাল ১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ওইসব পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষার প্রথম দিন কিছু শিক্ষার্থী প্রকাশ্যে নকল করলেও শিক্ষকদের একাখণ্ট থাকেন দর্শকের ভূমিকায়। উপজেলার বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্রে সরেজিমিন অনুসন্ধানে ধরা পড়েছে এমন চিত্র। বিশেষ করে উপজেলা সদরের ডিআর সরকারি উচ্চ

বিদ্যালয়, মুরাদনগর বালিকা উচ্চ বিদ্যালয়, কোম্পানীগঞ্জ বন্দিতুল আল্ম ডিপ্রি কলেজ, দায়িমেরা বিনেশ চন্দ্র উচ্চ বিদ্যালয়, নবীয়াবাদ ওয়ার্দুন্দ সরকারি ফাইল মাদ্রাসা, রাষ্ট্রচন্দ্রপুর আকারবরের মেছা বালিকা উচ্চ বিদ্যালয়, মেনাকান্দা দারুলহৃদা ফাইল মাদ্রাসা, চাপিতলা ফরিদটেক্সিন ডিপ্রি কলেজসহ বেশ কয়েকটি কেন্দ্রে ওই ধরনের নকলের প্রবণতা লক্ষ্য করা গেছে।

এ ব্যাপারে উপজেলীয় মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাতন কুমার সাহা বলেন, কোনো বিদ্যালয় পর পর তিনবার যদি পাসের হার পূর্ণ থাকে তাহলে তার এমপিও বাতিল হওয়ার বিধান রয়েছে। সহিষ্ণু শিক্ষকদের নকলের কাজে সহযোগিতা করা থেকে বিরত থাকার জন্য পত্র দেওয়া হয়েছে। তারপরও অভিযোগ পাওয়া গোল তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রামেশ্বর কাদের বলেন, কয়েকটি পরীক্ষা কেন্দ্রে নকল হয়েছে আমরা সেখানে নকলের অপরাধে শিক্ষার্থীদের বিহিত করেছি।

একজন সহযোগিতার কারণে শিক্ষকদেরকে দষ্টাবেশ থেকে অব্যাহতিসহ ভাষ্যমাগ আদালতের মাধ্যমে জরিমানা করা হচ্ছে। নকল প্রতিরোধে আমরা ডিজিল্যান্স টিম গঠন করেছি। এখন নকলে আর কোনো সাময়িক নেই। তিনি আরো জনান, পরীক্ষা শুরু হওয়ার পূর্ব থেকে একজন পুরুষ অব্যাহলায় একজন কেন্দ্র সচিবসহ ১৩ জন শিক্ষককে বিহিত সহ দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আর নকল করার অভিযোগে ৭ শিক্ষার্থীকে বিহিত করা হয়েছে। এর মধ্যে নকলে সহযোগিতার অভিযোগে ৫ শিক্ষককে ভাষ্যমাগ আদালতের মাধ্যমে ৮০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।